


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
e-mail: dwadhaka@gmail.com

স্মারক নং- ৩২. ০১. ০০০০. ০০৯. ০৫. ০০১. ১৭ -১০৩

তারিখ : ০৬/০৭/১৭ খ্রিঃ

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতায় পরিবীক্ষন, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখা কর্তৃক বাল্যবিবাহ
রোধকল্পে জুলাই'২০১৬- জুন'২০১৭ মাসের বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

- প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক বাল্যবিবাহ প্রতিরোধে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে গত ১১/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীর ২৮-৩২ নং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৬৪টি জেলা কার্যালয়ে বাল্যবিবাহ নিরোধে কার্যকরভাবে বাস্তবায়নে সমাজের সাধারণ মানুষের মাঝে বিশেষ করে মহিলাদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠক, Rally, সচেতনতামূলক কার্যক্রম, বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে আলোচনা, মোবাইল কোর্ট পরিচালনা ও মানববন্ধন করা হয়।
- মানববন্ধনে বাল্যবিবাহের নেতিবাচকদিকসমূহ বিবাহ রেজিস্ট্রেশন না থাকার কুফল, বালিকা নয় বধু শ্লোগান ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি যেমন-ভিডিও প্রদর্শনী, মানববন্ধন এবং কাজী ও পুরোহিতদের নিকট থেকে বাল্য বিবাহ পড়ানো হবে না মর্মে অঙ্গীকার নামা ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়।
- আইনানুগভাবে বিবাহ সম্পাদন ও বিবাহ রেজিস্ট্রেশনের বিষয়ে গুরুত্ব দিয়ে জেলা ও উপজেলা পর্যায়ে প্রচারণা ও মনিটরিং অব্যাহত আছে।
- বাল্যবিবাহ রোধ বিষয়ে জেলা, উপজেলা উচ্চ বিদ্যালয়/কলেজের ছাত্র/ছাত্রী ও শিক্ষক মন্ডলিকে নিয়ে এবং ইউনিয়ন পর্যায়ে সমাবেশ অব্যাহত আছে। উক্ত সমাবেশে কাজীদের উপস্থিত রেখে তাদের অবহিত করা হয় যে, কোন কাজী যেন ১৮ বছর কম বয়সের কন্যার ও ২২ বছরের কম বয়সের ছেলের বিবাহ না পড়ান। কাজীগন যেন সঠিক বয়স নিশ্চিত হওয়ার জন্য ভোটার আইডি/জে.এস.সি/পি.এস.সি/এস.এস.সি/এইচ.এস.সি অথবা জন্মনিবন্ধন সনদ দেখেন।
- বাল্য বিবাহ সংঘটিত হওয়ার ঘটনা ঘটলে জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ প্রশাসনের সহায়তায় তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে উপস্থিত হয়ে বাল্যবিবাহ বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। ৬৪ জেলা কার্য হতে বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে এমন বিবাহের মোট সংখ্যা ১৫৬২টি। উক্ত কন্যা শিশুদের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর ও প্রশাসনিক মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে।
- সরকারীভাবে নিয়োগপ্রাপ্ত বিবাহ নিবন্ধক/পুরোহিত নন অথচ সচরাচর বিবাহ পড়িয়ে থাকেন এমন ব্যক্তিদের একটি ডাটাবেজ তৈরী করা হয়েছে এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- উল্লেখ্য যে, জুন'১৭ মাসের রিপোর্ট জুলাই'১৭ মাসের দ্বিতীয় সপ্তাহে পাওয়া যায়। কাজেই জুন'১৭ মাসে তথ্য এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা গেল না।


৬.৭.১৭

(গুলশান জাহান চৌধুরী)

সহকারী পরিচালক

পরিবীক্ষন, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখা
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপ পরিচালক (ম্যাজিস্ট্রেট)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

কার্যার্থেঃ
মর্জিনা ইয়াসমিন
প্রোগ্রাম অফিসার (ই-ফাইলিং)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।